



রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গতকাল ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ১৬তম সমাবর্তন অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের মেডেল পরিবেশন। ছবি : পিআইডি

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সমাবর্তনে রাষ্ট্রপতি শিক্ষাকে মুনাফা তৈরির হাতিয়ার করবেন না

কালের কণ্ঠ ডেস্ক ▷

শিক্ষাকে মুনাফা তৈরির হাতিয়ার হিসেবে ব্যবহার না করে জাতির উন্নয়ন ও অগ্রগতির অস্ত্র হিসেবে ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল বুধবার বিকেলে রাজধানীতে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ১৬তম সমাবর্তন অনুষ্ঠানে দেওয়া ভাষণে বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি এসব কথা বলেন।

রাষ্ট্রপতি প্রতিটি ইউনিভার্সিটিতে বিশ্বমান ও গুণগত শিক্ষা নিশ্চিত করে দেশপ্রেমিক ও শিক্ষিত মানব সম্পদ গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, শুধু সার্টিফিকেটমুখী শিক্ষা নয়, সৃজনশীল ও আলোকিত মানুষ তৈরির জন্য উচ্চশিক্ষায় বিশ্ববিদ্যালয়গুলোকে অবশ্যই মান নিশ্চিত করতে হবে। বিশ্ববিদ্যালয়ের নতুন স্নাতকদের অভিনন্দন জানিয়ে পেশাগত কর্মকাণ্ডের মাধ্যমে জাতি গঠনে নিজেদের উৎসর্গ করার জন্য তাদের প্রতি আহ্বান জানান।

রাষ্ট্রপতি বলেন, শ্রেণীকক্ষে ছাত্রছাত্রীদের সিলেবাস অনুযায়ী শুধু শিক্ষাদানই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দায়িত্ব নয়, তাদের মানবিকতার প্রশিক্ষণ, সহিষ্ণুতা, সামাজিক দায়িত্ববোধ এবং মূল্যবোধও শিক্ষা দিতে হবে। তিনি বলেন, এটি মানবসভ্যতার প্রতি একটি বড় হুমকি। সমাবর্তনে আন্ডার গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট প্রগ্রামের দুই হাজার ৭২ জন শিক্ষার্থীকে সনদ তুলে দেওয়া হয়। এ ছাড়া অন্য মেধাবী চার শিক্ষার্থীকে স্বর্ণপদক পরিয়ে দেন রাষ্ট্রপতি।

সমাবর্তন বক্তা যুক্তরাষ্ট্রের প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞানের অধ্যাপক ড. এম জাহিদ হাসান বলেন, 'বর্তমান সময়ের অসহিষ্ণুতা, গোঁড়ামি ও মানবিক মূল্যবোধের অভাব আমাদের ইতিহাসের উল্টোপথে চালিত করেছে। তাই বিশ্ববিদ্যালয়ের মৌলিক চিন্তা, বাকস্বাধীনতা ও দায়িত্ববোধের যথাযথ শিক্ষা, একটি সুন্দর উদার নৈতিক দেশ ও জাতি গঠনে উপযোগী হতে পারে।'

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসানসহ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যরা, কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারপারসনরা, শিক্ষকরা, কর্মকর্তা-কর্মচারী, গ্র্যাজুয়েট ও তাদের অভিভাবকরা অংশ নেন। সূত্র : বাসস।